দৈনিক ইত্তেফাক

১৭৭

তারিখ ... ... ... MAR. 22 2000
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

# লক্ষ্মীপুরে এসএসসি পরীক্ষায় নকল নিয়া তুলকালাম কান্ড ।। জননিরাপত্তা আইনে মামলা

এম, এ, মইদ, লক্ষ্মীপুর সংবাদদাতা ।। এস,এস,সি, পরীক্ষার নকল বন্ধ নিয়া জেলায় তুলকালাম কাণ্ড ঘটিয়া গিয়াছে। এই ঘটনাকে কেন্দ্র করিয়া সৃষ্ট গোলযোগে জেলায় জননিরাপত্তা আইনে প্রথম মামলা দায়ের হইয়াছে এবং সেই মামলায় গ্রেফতার হইয়াছে একজন সাংবাদিক। ঘটনাটি ঘটিয়াছে লক্ষ্মীপুর সদর থানার বসিকপুর আলীয়া মাদ্রাসা দাখিল পরীক্ষা কেন্দ্রে। ৪ মার্চ হইতে দাখিল পরীক্ষা শুরু হওয়ার পর হইতে সেখানে পরীক্ষায় অবাধে নকলের অভিযোগ পাওয়া যায়। অভিযোগ উঠিয়াছে কেন্দ্রে কর্তব্যরত পুলিশ নকল প্রতিরোধে কোন কার্যকর ভূমিকা পালন করে নাই। এ অভিযোগের প্রেক্ষিতে পুলিশ সুপার নিজেই বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন এবং নকল

(১২শ পৃঃ দ্রঃ)

## লক্ষ্মীপুরে এস এস সি

(৩য় পৃঃ পর)

প্রতিরোধে কঠোর ভূমিকা নেন।

গত ৯ই মার্চ পুলিশ সুপার ও জেলা ভিজিল্যান্স টীমের একজন সদস্য বসিকপুর মাদ্রাসা দাখিল পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করিয়া নকল করার অপরাধে ১৩ জনকে বহিষ্কার করে। ইতিমধ্যে পুলিশী ব্যবস্থা জোরদার করায় বহিরাগত নকল সরবরাহকারীরা পুলিশের রাইফেল ছিনাইয়া নেওয়ার চেষ্টা কালে পুলিশ ১০ রাউণ্ড গুলী করে। একজন পুলিশকে বেদম মারধর করা হয়। ঐ ঘটনায় জননিরাপত্তা আইনে মামলা হয়।

পরীক্ষার্থী প্রতি ২/৩ শত টাকা হারে ঠাণ্ডা ফিস আদায় করা হয় বলিয়া ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের নিকট হইতে জানা যায়। তাহাদের ভাষায় ঠাণ্ডা ফিস নেওয়ার পরও নকল ধরা বা বহিষ্কার করা হইবে কেন? এই নিয়াই উত্তেজনার সৃষ্টি হয়।